গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন
আইইবি ভবন (৬ষ্ঠ ও ৭ম তলা), রমনা, ঢাকা-১০০০।
ওয়েবসাইট: www.berc.org.bd

নম্বর: ২৮.০১.০০০০.০১২.০৪.০০৩.২৬.২৫২৩ তারিখ: ০৩ জুন ২০২৬

# প্রেস রিলিজ

বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড (বাবিউবো) বিদ্যুতের পাইকারি (বাল্ক) মূল্যহার পরিবর্তনের জন্য ০৩ মে ২০২৬ তারিখে এবং পাওয়ার গ্রিড বাংলাদেশ পিএলসি (পিজিবিপিএলসি) বিদ্যুতের সঞ্চালন মূল্যহার (হুইলিং চার্জ) পরিবর্তনের জন্য ০৫ মে ২০২৬ তারিখে কমিশনে প্রস্তাব দাখিল করে। বিদ্যুৎ বিতরণ সংস্থা/কোম্পানি হিসেবে বিভিন্ন গ্রাহকশ্রেণির বিদ্যুতের খুচরা মূল্যহার পরিবর্তনের জন্য ০৩ মে ২০২৬ তারিখে বাবিউবো ও নর্দান ইলেকট্রিসিটি সাপ্লাই পিএলসি (নেসকো), ০৪ মে ২০২৬ তারিখে ঢাকা ইলেক্ট্রিসিটি সাপ্লাই পিএলসি (ডেসকো), ০৫ মে ২০২৬ তারিখে ওয়েষ্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ওজোপাডিকো) এবং ০৬ মে ২০২৬ তারিখে বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড (বাপবিবো) ও ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি) কমিশনে প্রস্তাব দাখিল করে।

০২। কমিশন বিদ্যুৎ সংস্থা/কোম্পানিসমূহের প্রস্তাব পরীক্ষা-নিরীক্ষান্তে ২০-২১ মে ২০২৬ তারিখসমূহে গণশুনানি গ্রহণ করে। প্রস্তাবকারী পক্ষগণের আবেদন ও তৎসঙ্গে দাখিলকৃত দলিলাদি এবং সকল পক্ষকে গণশুনানি অন্তে বিশদ পর্যালোচনা ও বিশ্লেষণপূর্বক বিদ্যুতের উৎপাদন, ক্রয় ও আমদানি ব্যয়; সঞ্চালন ও বিতরণ ব্যয়; পাইকারি (বাল্ক) পর্যায়ে বাবিউবো-কে সরকার কর্তৃক ভর্তুকি প্রদান এবং সার্বিক অবস্থা বিবেচনায় বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন আইন, ২০০৩ এর ধারা ২২(খ) ও ৩৪ এ প্রদত্ত ক্ষমতাবলে কমিশন বিদ্যুতের পাইকারি (বাল্ক), সঞ্চালন এবং খুচরা মূল্যহার নিম্নবর্ণিতভাবে পুনর্নির্ধারণ করেছে, যথা:-

(ক) বিদ্যুতের একক ক্রেতা হিসেবে বাবিউবো এর বিদ্যুৎ উৎপাদন ও ক্রয় এবং আমদানি ব্যয়, বিদ্যুতের পাইকারি (বাল্ক) মূল্যহার বৃদ্ধি এবং সরকারি ভর্তুকির মাধ্যমে পূরণ বিবেচনায় বিদ্যুতের বিদ্যমান পাইকারি (বাল্ক) মূল্যহার ভারিত গড় (Weighted Average) ৭.০০ টাকা/কি.ও.ঘ. থেকে ১.৩৯ টাকা/কি.ও.ঘ. বৃদ্ধি করে ৮.৩৯ টাকা/কি.ও.ঘ. পুনঃনির্ধারণ করতঃ আদেশ প্রদান করা হয়েছে (বিজ্ঞপ্তি সংযুক্ত)। বিদ্যুতের পাইকারি (বাল্ক) মূল্যহার বর্ণিতভাবে বৃদ্ধি সত্ত্বেও বাবিউবো এর অবশিষ্ট ঘাটতি পূরণে বছরে বাবিউবোকে সরকার কর্তৃক প্রায় ৪১,০০০ কোটি টাকা ভর্তুকি প্রদানের প্রয়োজন হবে;

(খ) পাওয়ার গ্রিড বাংলাদেশ পিএলসি (পিজিবিপিএলসি) এর সঞ্চালন ব্যয় বিবেচনায় বিদ্যুতের বিদ্যমান সঞ্চালন মূল্যহার বা হুইলিং চার্জ ভারিত গড় (Weighted Average) ০.৩১৩৫ টাকা/কি.ও.ঘ. থেকে ০.০৭৫১ টাকা/কি.ও.ঘ. বৃদ্ধি করে ০.৩৮৮৬ টাকা/কি.ও.ঘ. পুনর্নির্ধারণ করতঃ আদেশ প্রদান করা হয়েছে (বিজ্ঞপ্তি সংযুক্ত);

(গ) বিদ্যুতের পুনর্নির্ধারিত পাইকারি (বাল্ক) ও সঞ্চালন মূল্যহার এবং বিতরণ ব্যয় বিবেচনায় বিদ্যুৎ বিতরণ সংস্থা/কোম্পানিসমূহের বিভিন্ন গ্রাহকশ্রেণির বিদ্যমান খুচরা বিদ্যুৎ মূল্যহার ভারিত গড় (Weighted Average) ৯.১১ টাকা/কি.ও.ঘ. থেকে ১.৫২ টাকা/কি.ও.ঘ. বৃদ্ধি করে ১০.৬৩ টাকা/কি.ও.ঘ. পুনর্নির্ধারণ করতঃ আদেশ প্রদান করা হয়েছে (বিজ্ঞপ্তি সংযুক্ত) এবং

(ঘ) বিদ্যুৎ বিতরণ সংস্থা/কোম্পানিসমূহের বিভিন্ন গ্রাহকশ্রেণির বিদ্যমান ডিমান্ড চার্জ অপরিবর্তিত রাখা হয়েছে।

০৩। কমিশনের আদেশ **বিল মাস জুন ২০২৬** হতে কার্যকর হবে এবং পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত তা বলবৎ থাকবে।

কমিশনের আদেশক্রমে,

৩/৬/২৬

মোঃ নজরুল ইসলাম সরকার
সচিব, বিইআরসি।
ফোন: ০২-২২৬৬৪০৯০৫

Scanned with CamScanner

বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন
আইইবি ভবন (৬ষ্ঠ ও ৭ম তলা), রমনা, ঢাকা-১০০০।
ওয়েবসাইট: www.berc.org.bd

নং-২৮.০১.০০০০.০১২.০৪.০০৩.২৬.২৫১৯

তারিখ: ২০ জ্যৈষ্ঠ ১৪৩৩ বঙ্গাব্দ
০৩ জুন ২০২৬ খ্রিষ্টাব্দ

## বিদ্যুতের পাইকারি (বাল্ক) মূল্যহার পুনর্নির্ধারণ সংক্রান্ত বিজ্ঞপ্তি

বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড (বাবিউবো) এর প্রস্তাবের পরিপ্রেক্ষিতে বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন আইন, ২০০৩ এর ধারা ২২(খ) ও ৩৪ এ প্রদত্ত দায়িত্ব ও ক্ষমতাবলে এবং বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন (বিদ্যুৎ উৎপাদন ট্যারিফ) প্রবিধানমালা, ২০০৮ এর প্রবিধান ১৪(৩) অনুসারে বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড (বাবিউবো) কর্তৃক বিভিন্ন বিদ্যুৎ বিতরণ সংস্থা/কোম্পানি-কে সরবরাহকৃত বিদ্যুতের পাইকারি (বাল্ক) মূল্যহার নিম্নবর্ণিতভাবে পুনর্নির্ধারণ করা হলো:

### বিদ্যুতের পাইকারি (বাল্ক) মূল্যহার, ২০২৬

| | বিদ্যুৎ বিতরণ সংস্থা/কোম্পানিসমূহ | বিদ্যুতের পাইকারি (বাল্ক) মূল্যহার (টাকা/কি.ও.ঘ.) |
|---|---|---|
| ১ | বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড এর বিতরণ অঞ্চলসমূহ | |
| | ২৩০ কেভি | ১০.০৮২৫ |
| | ১৩২ কেভি | ১০.১৩২৫ |
| | ৩৩ কেভি | ৯.৫৭৮৫ |
| ২ | বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড এর পল্লী বিদ্যুৎ সমিতিসমূহ | |
| | ২৩০ কেভি | ১০.০৮২৫ |
| | ১৩২ কেভি | ১০.১৩২৫ |
| | ৩৩ কেভি | ৭.৩৯৫৫ |
| ৩ | ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড | |
| | ২৩০ কেভি | ১০.০৮২৫ |
| | ১৩২ কেভি | ১০.১৩২৫ |
| | ৩৩ কেভি | ১০.১৮২৫ |
| ৪ | ঢাকা ইলেকট্রিসিটি সাপ্লাই পিএলসি | |
| | ২৩০ কেভি | ১০.০৮২৫ |
| | ১৩২ কেভি | ১০.১৩২৫ |
| | ৩৩ কেভি | ১০.১৮২৫ |
| ৫ | ওয়েষ্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড | |
| | ২৩০ কেভি | ১০.০৮২৫ |
| | ১৩২ কেভি | ১০.১৩২৫ |
| | ৩৩ কেভি | ৮.৭৪৯৫ |
| ৬ | নর্দান ইলেকট্রিসিটি সাপ্লাই পিএলসি | |
| | ২৩০ কেভি | ১০.০৮২৫ |
| | ১৩২ কেভি | ১০.১৩২৫ |
| | ৩৩ কেভি | ৮.৫০৭৫ |



Scanned with CamScanner

২। শর্তাবলি:

(ক) বিদ্যুৎ বিতরণ সংস্থা/কোম্পানিসমূহের ২৩০, ১৩২ ও ৩৩ কেভি বিদ্যুৎ সরবরাহ পয়েন্টে মাসিক গড় পাওয়ার ফ্যাক্টর (পিএফ) ০.৯০ ল্যাগ এর কম রেকর্ড হলে নিম্নবর্ণিত বিদ্যমান হারে সারচার্জ প্রযোজ্য হবে:

(১) বিদ্যুৎ সরবরাহ পয়েন্টে মাসিক গড় পিএফ ০.৯০ ল্যাগ এর অব্যবহিত নিম্ন থেকে পিএফ ০.৮৮ ল্যাগ পর্যন্ত প্রতি ০.০১ পিএফ কমের জন্য এনার্জি চার্জের ০.৫০% (শূন্য দশমিক পাঁচ শূন্য শতাংশ) হারে সারচার্জ প্রযোজ্য হবে।

(২) বিদ্যুৎ সরবরাহ পয়েন্টে মাসিক গড় পিএফ ০.৮৮ ল্যাগ এর অব্যবহিত নিম্ন থেকে পিএফ ০.৮০ ল্যাগ পর্যন্ত প্রতি ০.০১ পিএফ কমের জন্য এনার্জি চার্জের ১.০০% (এক শতাংশ) হারে সারচার্জ প্রযোজ্য হবে।

(৩) বিদ্যুৎ সরবরাহ পয়েন্টে মাসিক গড় পিএফ ০.৮০ ল্যাগ এর অব্যবহিত নিম্ন থেকে পিএফ ০.৭৫ ল্যাগ পর্যন্ত প্রতি ০.০১ পিএফ কমের জন্য এনার্জি চার্জের ১.৫০% (এক দশমিক পাঁচ শূন্য শতাংশ) হারে সারচার্জ প্রযোজ্য হবে।

(খ) বিলম্বে পাইকারি বিদ্যুৎ বিল পরিশোধে সকল বিদ্যুৎ বিতরণ সংস্থা/কোম্পানির ক্ষেত্রে বিলম্ব-পরিশোধ মাশুল মাসে ১.০০% (এক শতাংশ) সরল হারে অপরিবর্তিত থাকবে।

(গ) পল্লী বিদ্যুৎ সমিতিসমূহের আর্থিক, ভৌগোলিক ও অন্যান্য পরিপ্রেক্ষিত বিবেচনা করে কমিশন কর্তৃক অনুসৃত পদ্ধতিতে পল্লী বিদ্যুৎ সমিতিসমূহকে ব্রেক-ইভেন (না লাভ-না ক্ষতি) এ পরিচালনার নিমিত্ত পল্লী বিদ্যুৎ সমিতিসমূহের নীট রাজস্ব চাহিদা নিরূপণপূর্বক বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড (বাপবিবো) কমিশনের পূর্বানুমোদন গ্রহণ করত প্রত্যেক পল্লী বিদ্যুৎ সমিতি এর ভিন্ন ভিন্ন পাইকারি (বাল্ক) মূল্যহার স্থির করবে, যার ভারিত গড় কমিশন কর্তৃক বাপবিবো এর জন্য নির্ধারিত ভারিত গড় পাইকারি (বাল্ক) মূল্যহারের সমান হবে। অর্থবছর শেষে প্রকৃত তথ্যের ভিত্তিতে পল্লী বিদ্যুৎ সমিতি এর আর্থিক অবস্থা বিবেচনায় কমিশনের পূর্বানুমোদনক্রমে উক্ত মূল্যহার পুনঃস্থির (Refix) করা যাবে।

৩। পুনর্নির্ধারিত বিদ্যুতের পাইকারি (বাল্ক) মূল্যহার এবং এ সংক্রান্ত শর্তাবলী **বিল মাস জুন ২০২৬** হতে কার্যকর হবে।

৪। পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত জারীকৃত এ আদেশ বলবৎ থাকবে।

কমিশনের আদেশক্রমে,

মোঃ নজরুল ইসলাম সরকার
সচিব, বিইআরসি।
ফোন: ০২-২২৬৬৪০৯০৫



Scanned with CamScanner

বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন
আইইবি ভবন (৬ষ্ঠ ও ৭ম তলা), রমনা, ঢাকা-১০০০।
ওয়েবসাইট: www.berc.org.bd

নং-২৮.০১.০০০০.০১২.০৪.০০৩.২৬.২৫২০

তারিখ: ২০ জ্যৈষ্ঠ ১৪৩৩ বঙ্গাব্দ
০৩ জুন ২০২৬ খ্রিষ্টাব্দ

## বিদ্যুতের সঞ্চালন মূল্যহার (হুইলিং চার্জ) পুনর্নির্ধারণ সংক্রান্ত বিজ্ঞপ্তি

বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন আইন, ২০০৩ এর ধারা ২২(খ) ও ৩৪ এ প্রদত্ত দায়িত্ব ও ক্ষমতাবলে পাওয়ার গ্রিড বাংলাদেশ পিএলসি কর্তৃক বিদ্যুৎ বিতরণ সংস্থা/কোম্পানিসমূহ যথা-বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড এর আওতাধীন পল্লী বিদ্যুৎ সমিতিসমূহ, ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড, ঢাকা ইলেকট্রিসিটি সাপ্লাই পিএলসি, ওয়েষ্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড এবং নর্দান ইলেকট্রিসিটি সাপ্লাই পিএলসি-কে সরবরাহকৃত বিদ্যুতের সঞ্চালন মূল্যহার (হুইলিং চার্জ) নিম্নবর্ণিতভাবে পুনর্নির্ধারণ করা হলো:

### বিদ্যুৎ সঞ্চালন মূল্যহার (হুইলিং চার্জ), ২০২৬

| ভোল্টেজ লেভেল | | বিদ্যুৎ সঞ্চালন মূল্যহার (টাকা/কি.ও.ঘ.) |
|---|---|---|
| ১ | ২৩০ কেভি | ০.৩৭৮৯ |
| ২ | ১৩২ কেভি | ০.৩৮২৫ |
| ৩ | ৩৩ কেভি | ০.৩৮৯৭ |

২। পুনর্নির্ধারিত বিদ্যুৎ সঞ্চালন মূল্যহার (হুইলিং চার্জ) **বিল মাস জুন ২০২৬** হতে কার্যকর হবে।

৩। পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত জারীকৃত এ আদেশ বলবৎ থাকবে।

কমিশনের আদেশক্রমে,

০৩/০৬/২৬

মোঃ নজরুল ইসলাম সরকার
সচিব, বিইআরসি।
ফোন: ০২-২২৬৬৪০৯০৫

Scanned with CamScanner

বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন
আইইবি ভবন (৬ষ্ঠ ও ৭ম তলা), রমনা, ঢাকা-১০০০।
ওয়েবসাইট: www.berc.org.bd

নং-২৮.০১.০০০০.০১২.০৪.০০৩.২৬.২৫২১ তারিখ: ২০ জ্যৈষ্ঠ ১৪৩৩ বঙ্গাব্দ / ০৩ জুন ২০২৬ খ্রিস্টাব্দ

# বিদ্যুতের খুচরা মূল্যহার পুনর্নির্ধারণ সংক্রান্ত বিজ্ঞপ্তি

বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন আইন, ২০০৩ এর ধারা ২২(খ) ও ৩৪ এ প্রদত্ত ক্ষমতাবলে বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড এর আওতাধীন পল্লী বিদ্যুৎ সমিতিসমূহ, ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড, ঢাকা ইলেকট্রিসিটি সাপ্লাই পিএলসি, ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড এবং নর্দান ইলেকট্রিসিটি সাপ্লাই পিএলসি কর্তৃক সরবরাহকৃত বিদ্যুতের খুচরা মূল্যহার নিম্নবর্ণিতভাবে পুনর্নির্ধারণ করা হলো:

## খুচরা বিদ্যুৎ মূল্যহার, ২০২৬

### ক. নিম্নচাপ (এলটি) : ২৩০/৪০০ ভোল্ট

বিদ্যুৎ সরবরাহ : নিম্নচাপ এসি সিঙ্গেল ফেজ ২৩০ ভোল্ট এবং তিন ফেজ ৪০০ ভোল্ট
ফ্রিকোয়েন্সি : ৫০ সাইকেল/সেকেন্ড
অনুমোদিত লোড : সিঙ্গেল ফেজ ০–৭.৫ কি.ও. এবং তিন ফেজ ০–৮০ কি.ও.[১]

| | গ্রাহকশ্রেণি | এনার্জি রেট/চার্জ (টাকা/কি.ও.ঘ.) | ডিমান্ড রেট/চার্জ [টাকা/কি.ও.[২]/মাস] |
|---|---|---|---|
| ১ | এলটি—এ: আবাসিক | | ৪২.০০ |
| | লাইফ লাইন : ০-৫০ ইউনিট | ৫.৩২[৩] | |
| | প্রথম ধাপ : ০-৭৫ ইউনিট | ৬.১৮ | |
| | দ্বিতীয় ধাপ : ৭৬-২০০ ইউনিট | ৮.৫০ | |
| | তৃতীয় ধাপ : ২০১-৩০০ ইউনিট | ৯.১০ | |
| | চতুর্থ ধাপ : ৩০১-৪০০ ইউনিট | ৯.৬২ | |
| | পঞ্চম ধাপ : ৪০১-৬০০ ইউনিট | ১৫.০১ | |
| | ষষ্ঠ ধাপ : ৬০০ ইউনিটের উর্ধ্বে | ১৭.৩৫ | |
| ২ | এলটি—বি: সেচ/কৃষিকাজে ব্যবহৃত পাম্প | ৬.০৪ | ৪২.০০ |
| ৩ | এলটি—সি ১: ক্ষুদ্র শিল্প | | ৪৮.০০ |
| | ফ্ল্যাট | ১২.৭৩ | |
| | অফ-পীক | ১১.৪৫ | |
| | পীক | ১৫.২৭ | |
| ৪ | এলটি—সি ২: নির্মাণ | ১৮.০৯ | ১২০.০০ |
| ৫ | এলটি—ডি ১: শিক্ষা, ধর্মীয় ও দাতব্য প্রতিষ্ঠান এবং হাসপাতাল | ৯.০৫ | ৬০.০০ |
| ৬ | এলটি—ডি ২: রাস্তার বাতি ও পানির পাম্প | ১১.৪৬ | ৯০.০০ |
| ৭ | এলটি—ডি ৩: ইলেকট্রিক ভেহিকেল ও ব্যাটারি চার্জিং স্টেশন | | ৯০.০০ |
| | ফ্ল্যাট | ১১.৩৬ | |
| | অফ-পীক[৪] | ১০.২২ | |
| | সুপার অফ-পীক[৫] | ৯.০৯ | |
| | পীক[৬] | ১৪.২০ | |

| | | | |
|---|---|---|---|
| ৮ | এলটি—ই: বাণিজ্যিক ও অফিস | | ৯০.০০ |
| | ফ্ল্যাট | ১৫.৩৬ | |
| | অফ-পীক | ১৩.৮২ | |
| | পীক | ১৮.৪৩ | |
| ৯ | এলটি—টি: অস্থায়ী | ২৩.৮১ | ১২০.০০ |

## খ. মধ্যমচাপ (এমটি) : ১১ কেভি

বিদ্যুৎ সরবরাহ : মধ্যমচাপ এসি ১১ কেভি
ফ্রিকোয়েন্সি : ৫০ সাইকেল/সেকেন্ড
অনুমোদিত লোড : ৫০ কি.ও. এর অব্যবহিত উর্ধ্ব থেকে অনূর্ধ্ব ০৫ মে.ও.

| | গ্রাহকশ্রেণি | এনার্জি রেট/চার্জ (টাকা/কি.ও.ঘ.) | ডিমান্ড রেট/চার্জ [টাকা/কি.ও.$^{২}$/মাস] |
|---|---|---|---|
| ১ | এমটি—১: আবাসিক | | ৯০.০০ |
| | ফ্ল্যাট | ১২.৫০ | |
| | অফ-পীক | ১১.২৫ | |
| | পীক | ১৫.৬২ | |
| ২ | এমটি—২: বাণিজ্যিক ও অফিস | | ৯০.০০ |
| | ফ্ল্যাট | ১৩.৯৩ | |
| | অফ-পীক | ১২.৫৪ | |
| | পীক | ১৭.৪১ | |
| ৩ | এমটি—৩: শিল্প | | ৯০.০০ |
| | ফ্ল্যাট | ১২.৮৫ | |
| | অফ-পীক | ১১.৫৬ | |
| | পীক | ১৬.০৬ | |
| ৪ | এমটি—৪: নির্মাণ | | ১২০.০০ |
| | ফ্ল্যাট | ১৭.১৬ | |
| | অফ-পীক | ১৫.৪৪ | |
| | পীক | ২১.৪৫ | |
| ৫ | এমটি—৫: সাধারণ[৭] | | ৯০.০০ |
| | ফ্ল্যাট | ১২.৫৮ | |
| | অফ-পীক | ১১.৩২ | |
| | পীক | ১৫.৭২ | |
| ৬ | এমটি—৬: অস্থায়ী | ২২.৫৬ | ১২০.০০ |



Scanned with CamScanner

| | | | |
|---|---|---|---|
| ৭ | এমটি—৭: ইলেকট্রিক ভেহিকেল ও ব্যাটারি চার্জিং স্টেশন | | ৯০.০০ |
| | ফ্ল্যাট | ১১.৩১ | |
| | অফ-পীক[৪] | ১০.১৮ | |
| | সুপার অফ-পীক[৫] | ৯.০৫ | |
| | পীক[৬] | ১৪.১৪ | |
| ৮ | এমটি—৮: সেচ/কৃষিকাজে ব্যবহৃত পাম্প | | ৯০.০০ |
| | ফ্ল্যাট | ৭.৩৮ | |
| | অফ-পীক | ৬.৬৪ | |
| | পীক | ৯.২৩ | |

## গ. উচ্চচাপ (এইচটি): ৩৩ কেভি

বিদ্যুৎ সরবরাহ : উচ্চচাপ এসি ৩৩ কেভি
ফ্রিকোয়েন্সি : ৫০ সাইকেল/সেকেন্ড
অনুমোদিত লোড : ০৫ মে.ও. এর অব্যবহিত উর্ধ্ব থেকে অনূর্ধ্ব ৩০ মে.ও. (২০ মে.ও. এর উর্ধ্বে অবশ্যই ডাবল সার্কিট)

| গ্রাহকশ্রেণি | | এনার্জি রেট/চার্জ (টাকা/কি.ও.ঘ.) | ডিমান্ড রেট/চার্জ [টাকা/কি.ও.[২]/মাস] |
|---|---|---|---|
| ১ | এইচটি—১: সাধারণ | | ৯০.০০ |
| | ফ্ল্যাট | ১২.৫৪ | |
| | অফ-পীক | ১১.২৮ | |
| | পীক | ১৫.৬৭ | |
| ২ | এইচটি—২: বাণিজ্যিক ও অফিস | | ৯০.০০ |
| | ফ্ল্যাট | ১৩.৬৪ | |
| | অফ-পীক | ১২.২৮ | |
| | পীক | ১৭.০৫ | |
| ৩ | এইচটি—৩: শিল্প | | ৯০.০০ |
| | ফ্ল্যাট | ১২.৭৫ | |
| | অফ-পীক | ১১.৪৭ | |
| | পীক | ১৫.৯৩ | |
| ৪ | এইচটি—৪: নির্মাণ | | ৯০.০০ |
| | ফ্ল্যাট | ১৫.৯৬ | |
| | অফ-পীক | ১৪.৩৬ | |
| | পীক | ১৯.৯৫ | |

## ঘ. অতি উচ্চচাপ (ইএইচটি): ১৩২ কেভি এবং ২৩০ কেভি

বিদ্যুৎ সরবরাহ : অতি উচ্চচাপ এসি ১৩২ কেভি এবং ২৩০ কেভি
ফ্রিকোয়েন্সি : ৫০ সাইকেল/সেকেন্ড
অনুমোদিত লোড : ইএইচটি—১ : ২০ মে.ও. থেকে অনূর্ধ্ব ১৪০ মে.ও. (কারিগরি বিবেচনায় সিঙ্গেল অথবা ডাবল সার্কিট)
ইএইচটি—২ : ১৪০ মে.ও. এর উর্ধ্বে

| গ্রাহকশ্রেণি | | এনার্জি রেট/চার্জ (টাকা/কি.ও.ঘ.) | ডিমান্ড রেট/চার্জ [টাকা/কি.ও.[২]/মাস] |
|---|---|---|---|
| ১ | ইএইচটি—১: সাধারণ | | ৯০.০০ |
| | ফ্ল্যাট | ১২.৬৬ | |
| | অফ-পীক | ১১.৩৯ | |
| | পীক | ১৫.৮২ | |
| ২ | ইএইচটি—২: সাধারণ | | ৯০.০০ |
| | ফ্ল্যাট | ১২.৬১ | |
| | অফ-পীক | ১১.৩৫ | |
| | পীক | ১৫.৭৬ | |



Scanned with CamScanner

[১] নতুন সংযোগের ক্ষেত্রে ৮০ কি.ও. অনুমোদিত লোড পর্যন্ত নিম্নচাপ (এলটি) গ্রাহক হিসেবে বিবেচিত হবে। প্রয়োজন অনুসারে ৫০ কি.ও. থেকে ৮০ কি.ও. পর্যন্ত অনুমোদিত লোডের নতুন গ্রাহক নিম্নচাপ (এলটি) অথবা মধ্যমচাপ (এমটি) গ্রাহকশ্রেণির অন্তর্ভুক্ত হতে পারবে। তবে ৫০ কি.ও. থেকে ৮০ কি.ও. পর্যন্ত অনুমোদিত লোডের বিদ্যমান গ্রাহকের ক্ষেত্রে তাদের বর্তমান গ্রাহকশ্রেণি (অনুমোদিত লোড ৫০ কি.ও. পর্যন্ত এলটি এবং অনুমোদিত লোড ৫০ কি.ও. এর অব্যবহিত ঊর্ধ্ব থেকে ৮০ কি.ও. পর্যন্ত এমটি) অপরিবর্তিত/অব্যাহত থাকবে।

[২]ডিমান্ড চার্জ নিরূপণের ক্ষেত্রে নিম্নোক্তভাবে ডিমান্ড (কি.ও.) বিবেচনায় নিতে হবে:

(ক) সকল এলটি ও এমটি গ্রাহকের ক্ষেত্রে অনুমোদিত লোড (কি.ও.) প্রযোজ্য হবে; এবং

(খ) সকল এইচটি ও ইএইচটি গ্রাহকের ক্ষেত্রে রেকর্ডকৃত সর্বোচ্চ চাহিদা (কি.ও.) অথবা অনুমোদিত লোডের (কি.ও.) ৮০% এর মধ্যে যেটি সর্বোচ্চ তা প্রযোজ্য হবে।

[৩]লাইফ লাইন (০-৫০ ইউনিট) মূল্যহারের সুবিধা লাইফ লাইন গ্রাহক ব্যতীত আবাসিক গ্রাহকশ্রেণির অন্য কোনো গ্রাহক পাবেন না।

[৪]প্রযোজ্য সকল গ্রাহকশ্রেণির ক্ষেত্রে সাধারণভাবে রাত ১১:০০ টা হতে পরদিন বিকাল ৫:০০ টা পর্যন্ত সময় অফ-পীক হিসেবে গণ্য হবে। তবে শুধুমাত্র এলটি—ডি ৩ এবং এমটি—৭ গ্রাহকশ্রেণির ক্ষেত্রে রাত ১১:০০ টা হতে পরদিন সকাল ৫:০০ টা পর্যন্ত এবং সকাল ৯:০০ টা হতে বিকাল ৫:০০ টা পর্যন্ত সময় অফ-পীক হিসেবে গণ্য হবে।

[৫]এলটি—ডি ৩ এবং এমটি—৭ গ্রাহকশ্রেণির ক্ষেত্রে সকাল ৫:০০-৯:০০ টা পর্যন্ত সময় সুপার অফ-পীক হিসেবে গণ্য হবে।

[৬]প্রযোজ্য সকল গ্রাহকশ্রেণির ক্ষেত্রে সাধারণভাবে বিকাল ৫:০০ টা হতে রাত ১১:০০ টা পর্যন্ত সময় পীক হিসেবে গণ্য হবে।

[৭]বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড, ঢাকা ইলেকট্রিসিটি সাপ্লাই পিএলসি, ওয়েষ্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড এবং নর্দান ইলেকট্রিসিটি সাপ্লাই পিএলসি এর আওতাধীন এমটি—৫ গ্রাহকশ্রেণির মধ্যে যাদের বিদ্যুৎ ব্যবহার প্রধানত (প্রায় ৮০%) আবাসিক ধরনের যেমন-ডরমেটরিসহ সেনানিবাস বা বিশ্ববিদ্যালয়; সেসব ক্ষেত্রে ব্যবহৃত বিদ্যুতের ২০% এমটি—৫ এর এনার্জি রেট/চার্জ (১২.৫৮ টাকা/কি.ও.ঘ.), ৭২% এলটি—এ এর তৃতীয় ধাপ এবং চতুর্থ ধাপের গড় এনার্জি রেট/চার্জ (৯.৩৬ টাকা/কি.ও.ঘ.) এবং ৮% এলটি—এ এর ষষ্ঠ ধাপের এনার্জি রেট/চার্জ (১৭.৩৫ টাকা/কি.ও.ঘ.) অনুসারে বিল করতে হবে। বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড এর আওতাধীন পল্লী বিদ্যুৎ সমিতিসমূহের ক্ষেত্রে ব্যবহৃত সম্পূর্ণ বিদ্যুৎ পূর্বের নিয়মের ধারাবাহিকতায় এমটি—৫ এর এনার্জি রেট/চার্জ অনুসারে বিল করতে হবে।

২। সকল গ্রাহকশ্রেণির বিদ্যমান ডিমান্ড চার্জ অপরিবর্তিত থাকবে।

৩। ০৩ জুন ২০২৬ তারিখে জারীকৃত বিইআরসি আদেশ নম্বর: ২০২৬/২২ এর পরিশিষ্ট-খ এ খুচরা বিদ্যুৎ মূল্যহার, ২০২৬ এর শর্তাবলী, প্রযোজ্যতা এবং বিবিধ চার্জ/ফি নির্ধারণ করা হয়েছে, যা খুচরা বিদ্যুৎ মূল্যহার, ২০২৬ এর অবিচ্ছেদ্য অংশ হিসেবে বিবেচিত হবে।

৪। প্রি-পেইড মিটার গ্রাহকগণ বিদ্যমান নিয়মানুসারে মূল্য সংযোজন কর ব্যতীত নীট বিলের ওপর ০.৫% (শূন্য দশমিক পাঁচ শতাংশ) হারে রিবেট প্রাপ্ত হবেন;

৫। পুনর্নির্ধারিত খুচরা বিদ্যুৎ মূল্যহার **বিল মাস জুন ২০২৬** হতে কার্যকর হবে।

৬। পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত জারীকৃত এ আদেশ বলবৎ থাকবে।

কমিশনের আদেশক্রমে,

মোঃ নজরুল ইসলাম সরকার
সচিব, বিইআরসি।
ফোন: ০২-২২৬৬৪০৯০৫



Scanned with CamScanner